

# ডাকাতেৰ গল্প - রবীন্দ্রনাথ ঠাকুর

06.05.2020

রচনাধর্মী প্রশ্নোত্তর:

১। গর্জন করে বললে-“খব্দারী”-কে, কাদের প্রতি কথাগুলি বলেছিল? তার পরের ঘটনা সংক্ষেপে লেখ।

উ:- \* বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা ‘ডাকাতেৰ গল্প’-এ শম্ভু ডাকাতদলের প্রতি কথাগুলি বলেছিল।

\*\* তারপর ডাকাতেৰা অট্টহাস্য করে এগিয়ে আসতে লাগল। তখন শম্ভু পাল্কির সেই ভাঙা

ডাঙাখানা তুলে নিয়ে ওদের দিকে ছুঁড়ে মারলে। তারি এক ঘায়ে তিনজন একসঙ্গে পড়ে গেল। তার পরে শম্ভু লাঠি ঘুরিয়ে যেই ওদের মধ্যে ঝাঁপিয়ে পড়ল বাকি দুজনে দিল দৌড়। এরপর ডাক্তার বাবু শম্ভুকে ওষুধের বাস্কাটা বের করতে বললেন। রাত্রি তখন অল্পই বাকি ছিল। বিশ্বম্ভরবাবু আর শম্ভু দুজনে মিলে তিনজনের শুশ্রূষা করলেন।

১। বিশ্বম্ভরবাবুর গায়ে সেসময় কস্মল থাকার কারণ কী ?

উ:- বিশ্বম্ভরবাবু পালকি চড়ে সপ্তগ্রাম চলেছেন। যদিও ফাল্গুন মাস তবুও কিছু আগে প্রায় সপ্তাহ ধরে বৃষ্টি হওয়ায় এখনো খুব ঠান্ডা। তাই বিশ্বম্ভরবাবুর গায়ে মোটা কস্মল।

২। তিল্পনির খালের ধারে কী ঘটনা ঘটেছিল?

উ:- তিল্পনি খালের ধারে রাত দশটায় পালকি এসেছিল। ঝাঁধন আলগা হয়ে পাল্কির ছাদ থেকে ডাক্তারের বাস্কাটা পড়ে গেল। ক্যান্স্টর অয়েলের শিশি ভেঙে চূর্ণ হয়ে গেল।

বড়ির কাজ :

সংক্ষিপ্ত প্রশ্ন :

১। বিশ্বম্ভর বাবুর গায়ে সে সময় কস্মল থাকার কারণ কী ?

২। তিল্পনির খালের ধারে কী ঘটনা ঘটেছিল?